গাংনীতে‘মেহেরপুর প্রতিদিন’ ফুটবল টুর্ণামেন্ট বাস্তবায়ন কমিটির সাথে ইউপি চেয়ারম্যানদের মতবিনিময়

‘মেহেরপুর প্রতিদিন’ ফুটবল টুর্ণামেন্ট-২০২৩ বাস্তবায়নে গাংনীতে ইউপি চেয়ারম্যান ও প্রবীণ ফুটবল খেলোয়াড়দের সাথে প্রস্তুতিমুলক সভা করেছে টুর্ণামেন্ট আয়োজক কমিতি।

আজ মঙ্গলবার বিকেলে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

টুর্ণামেন্ট বাস্তবায়ন কমিটির আহবানে প্রস্তুতিমুলক মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন গাংনী উপজেলার কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা,তেঁতুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস,মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহমেদ,রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু,সাহারবাটি ইউপি চেয়ারম্যান মশিউর রহমান,ধানখোলা ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক।

দৈনিক মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্ণামেন্টের আয়োজক কমিটির আহবায়ক ও মেহেরপুরের প্রাক্তণ ফুটবল খেলোয়াড় এমদাদুল হক,সদস্য সচিব মাহাবুব চান্দু,সদস্য আমিরুল ইসলাম অল্ডাম,আজমাইন হোসেন,মনিরুল ইসলামসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

টুর্ণামেন্ট বাস্তবায়ন কমিটির সদস্য সচিব মাহাবুব চান্দু বলেন,ফুটবল মানুষের প্রাণের খেলা। গ্রাম গঞ্জের মানুষ ফুটবল খেলাকে এখনও হৃদয়ে লালন করে। কিন্তু বর্তমান সময়ে তরুণ ও যুব সমাজ আনন্দদায়ক খেলা থেকে সময় পরিবর্তনের সাথে সাথে মুখ ফিরিয়ে নিচ্ছে। বিভিন্ন নেশায় আসক্ত হয়ে ধ্বংশ হচ্ছে যব সমাজ। যুব সমাজকে আবারও ফুটবলের দিকে ফিরিয়ে আনতে এবং মাদক থেকে দুরে রাখতে মেহেরপুর জেলার একমাত্র সরকার অনুমোদিত আঞ্চলিক পত্রিকা দৈনিক মেহেরপুর প্রতিদিন বর্ণাঢ্য ও ব্যাতিক্রমধর্মী ফুটবল টুর্ণামেন্টের আয়োজন করেছে। এ টুর্ণামেন্ট মেহেরপুর জেলার ১৮টি ইউনিয়ন ও দুইটি পৌরসভাসহ মোট ২০ দল অংশ গ্রহন করবে। খেলাটি নির্ভুল ও সকলের কাছে গ্রহনযোগ্যতা ও স্বচ্ছতার নিমিত্তে

বিভিন্ন ক্যামেরার মাধ্যমে রিপ্লে সম্প্রচার করবে।

দৈনিক মেহেরপুর প্রতিদিনের এই আয়োজন মেহেরপুর জেলার সব প্রান্ত থেকে টুর্ণামেন্টে অংশগ্রহনকারি বিজয়ীদের জন্য থাকবে জন্য থাকবে পুরুস্কার। খেলায় প্রতিযোগীদের মধ্যে কেউ জেলার বাইরে থেকে অংশ গ্রহন করতে পারবেনা। এমনকি ভিন্ন জেলা থেকে কোন খেলোয়াড় অংশ গ্রহন করতে পারবেনা।

দৈনিক মেহেরপুর প্রতিদিন পরিবারের এমন আয়োজনকে স্বাগত জানিয়ে ইউপি চেয়ারম্যানবৃন্দরা জানান, সময় উপযোগী পদক্ষেপ নিয়েছে দৈনিক মেহেরপুর প্রতিদিন কৃর্তপক্ষ। বর্তমান সময়ে যুব সমাজ মোবাইল গেমে আসক্ত হয়ে পড়েছে। বর্তমানে খেলাধুলা না করায় যুব সমাজ হচ্চে বিপথগামী। এসকল যুবকদের আবারও খেলাধুলায় আগ্রহী করে তুলতে মেহেরপুর প্রতিদিন কতৃপক্ষ সময় যুগপোযোগী পদক্ষেপ নিয়েছে। আমরা সকলেই এই টুর্ণামেন্টে অংশ গ্রহন করে মেহেরপুর জেলাবাসীকে উপহার দিতে চাই একটি উত্তেজনাকর ও স্বরণীয় ফুটবল টুর্ণামেন্ট।

গাংনীতে বিদ্যুত স্পৃষ্টে গার্মেন্টস কর্মীর মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার ভোলাডাঙ্গা গ্রামে বিদ্যুত স্পৃষ্ট হয়ে আব্দুলাহ (২৭) নামের এক গার্মেন্টস কর্মীর মৃত্যু হয়েছে। নিহত আব্দুলাহ ভোলাডাঙ্গা গ্রামের মুনসুর আলীর ছেলে। আব্দুল্লাহ ঢাকার একটি গার্মেন্টসে চাকরী করছিলেন।

মঙ্গলবার দুপুর সাড়ে ১২টার দিকে ভোলাডাঙ্গা গ্রামের আব্দুল মালেক এর বাড়িতে বিদ্যুত চালিত মোটর (সেচপাম্প) মেরামত করার সময় এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান,আব্দুলাহ ঢাকার একটি গার্মেন্টসে চাকরী করছিলেন। গেলো ঈদুল ফিতরের ছুটিতে তিনি ঢাকা থেকে বাড়িতে আসছিলেন। মঙ্গলবার তার দোলা ভাই একই গ্রামের আব্দুল মালেক এর বাড়িতে নষ্ট হয়ে যাওয়া মোটর (সেচপাম্প) মেরামত করছিলেন। অসাবধানবশত বিদ্যুত

লাইনের তারে শরীরে স্পর্শ করে। এসময় আব্দুলাহ মারাত্বক ভাবে আহত হন। প্রতিবেশীরা তাকে উদ্ধার করে স্থানীয় একটি চিকিৎসা কেন্দ্রে নিলে,কর্তব্যত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

গাংনীতে খাস জমিতে ঘর বানানোকে কেন্দ্র করে সংঘর্ষে, আহত-৩

গাংনী উপজেলার পিরতলা গ্রামে সরকারি খাস জমিতে ঘর বানানোকে কেন্দ্র করে সৃষ্ঠ সংঘর্ষে উভয় পক্ষের নারীসহ ৩ জন গুরুতর আহত হয়েছেন। আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আজ সোমবার (১ মে) সকালের দিকে পিরতলা গ্রামের পশ্চিমপাড়া এলাকায় এই সংঘর্ষের ঘটনা ঘটেছে।

আহতরা হলেন, আইনাল হোসেনের স্ত্রী শিল্পী খাতুন (২৫), ছিদ্দিক আলীর ছেলে লিমন হোসেন (১৮) ও অপরপক্ষের আলতাব হোসেনের ছেলে মাহফুজ হোসেন (২৮)।

আহতদের মধ্যে লিমন হোসেন ও শিল্পী খাতুনকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও মাহফুজ হোসেনকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহত শিল্পী খাতুন জানান, ১ শতক সরকারি খাস জমিতে আমি ঘর তৈরী করছিলাম। এসময় প্রতিপক্ষ মাহফুজ হোসেন তাতে বাধা দিয়ে আমার উপর হামলা করে।

অপরদিকে মাহফুজ হোসেন বলেন, লিমন একজন মাদকাসক্ত। তাই মাদক সেবন করে এসে আমার উপর হামলা চালিয়েছে।

এঘটনায় উভয় মামলার প্রস্তুতি নিচ্ছেন বলে জানান তারা।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

(a) [redacted]

(b) [redacted]

(c) [redacted]

পর্যন্ত। বৃষ্টির সাথে সাথে বিদ্যুৎয়ের ঝলকানি আর গুড়ুম গুড়ুম শব্দে ভারী হয়ে ওঠা প্রকৃতি অন্ধকারাচ্ছন্ন হয়ে যায়।

গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের মাদ্রাসা বাজারে প্রতিদিনের মতো ঝালমুড়ি বিক্রি করতে বসেছিলেন মহব্বত আলী। কিন্তু তীব্র বৃষ্টির ফলে তলপিতলপা গুটিয়ে নিতে হয় তাকে। তিনি জানান, গত দুদিন খারাপ আবহাওয়া হলেও ঝড়বৃষ্টি হয়নি তেমন। কিন্তু আজকে প্রচন্ড বৃষ্টির সাথে বাতাস হওয়ায় আমার ঝালমুড়ির অস্থায়ী দোকান নিয়ে টিকে থাকতে পারিনি।

বামন্দী কাজিপুর সড়কে প্রতিদিন দুবেলা চলাচল করেন জিল্লুর রহমান। তিনি বলেন, আজ সারাদিন তীব্র গরম পড়েছে। ঘেমে একাকার অবস্থা। বৃষ্টি হয়ে শান্তি লাগছে।

গাংনীর বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন উপজেলা নির্বাহী অফিসার

মেহেরপুরসহ সারাদেশে একযোগে চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়েছে আজ রবিবার থেকে। জেলায় এবার ১৫০টি শিক্ষাপ্রতিষ্ঠানের ৮ হাজার ৯০৯ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছে।

মেহেরপুর জেলা শিক্ষা অফিসের তথ্যমতে, জেলার ৩টি উপজেলায় জেনারেলের শাখার জন্য ১৩টি কারিগরি (ভোকাশোনাল) শাখার জন্য ৪টি এবং মাদ্রাসা শাখার জন্য ২টি কেন্দ্র নির্ধারণ করা হয়েছে।

নির্ধারীত সময়ে পরীক্ষা শুরু হওয়ার পর মেহেরপুরের গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু উপজেলার বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

এসএসসি ও সমমানের পরীক্ষা কেন্দ্র পরিদর্শনের সময় গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু বলেন, সকাল থেকে আমি

বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করে দেখছি। এর আগে গত দুইদিনও আমি পরিদর্শন করে দেখেছি ছোট ছোট যে সমস্যাগুলো ছিলো সেগুলো সমাধানে কিছু নির্দেশ দেওয়া ছিলো; আজকে আমি দেখলাম সেগুলো মোটামুটি ভালো রয়েছে। যতগুলো এখন পর্যন্ত দেখেছি সবগুলো কেন্দ্রে পরিস্থিতি স্বাভাবিক ও সুন্দর মনে হয়েছে। আশাকরি সামনের দিনগুলোতেও এই ধরনের শান্তিপূর্ণ অবস্থা বিরাজ করবে।

নকলমুক্ত, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা সমাপ্ত করার লক্ষ্য জেলার তিন উপজেলায় তিনটি ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে। মেহেরপুর জেলা ম্যাজিষ্ট্রেট মোহাম্মদ আজিজুল ইসলাম পরীক্ষা কেন্দ্র গুলোর আশেপাশে ১৪৪ ধারা জারি করেছেন এবং এক মাস সব কোচিং সেন্টার বন্ধ ঘোষণা করেছেন।

গাংনীতে ৫০ গ্রাম গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরের গাংনীতে ৫০ গ্রাম গাঁজাসহ মিনারুল ইসলাম(২৮) নামের এক মাদক পাচারকারিকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

আজ রবিবার (৩০ এপ্রিল) বেলা ১১ টার সময় গাংনী শহরের টহল পুলিশ তাকে আটক করে। আটক কৃত মিনারুল ইসলাম গাংনী উপজেলার হেমায়েতপুর গ্রামের বুদু বিশ্বাসের ছেলে।

গাংনী থানার টহল পুলিশের এসআই আবুল কালাম আজাদ জানান, এক যুবক গাঁজা গ্রাম থেকে গাঁজা নিয়ে শহরে বিক্রি করতে আসছে এমন গোপন সংবাদের ভিত্তিতে সংঙ্গীয় ফোর্স নিয়ে বাজারের মেসার্স নাইম ট্রেডার্স নামক একটি দোকানের সামনে গেলে মিনারুল পুলিশ দেখে দৌড়ে পালাতে চেষ্টা করে। আমরা তাকে আটক করে দেহ তল্লাশী করি। তার কোমরে বাধা অবস্থায় একটি পলেথিন প্যাকেটে মোড়ানো ৫০ গ্রাম গাঁজা উদ্ধার করি।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, হেমায়েতপুরের মিনারুল ইসলাম নামের এক মাদক ব্যবসায়ীকে গাঁজাসিহ

আটক করা হয়েছে। মাদক মালায় তাকে আদালতে সোপর্দ করা হবে।

গাংনীতে পাট ও তামাকের গোডাউনে আগুন; ৩০ লাখ টাকার ক্ষয়ক্ষতি

মেহেরপুরের গাংনীর নওয়াপাড়া পুর্বপাড়া গ্রামে একটি গোডাউনে ভয়াবহ অগ্নীকান্ডে পাট ও তামাক পুড়ে ছাই হয়েছে।

এতে গোডাউনে রাখা পাট ও তামাক পুড়ে প্রায় ত্রিশ লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানিয়ছেন গোডাউন মালিক হিন্দা গ্রামের খোকন।
ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী খোকন জানায়, পড়া পূর্বপাড়া দেলোয়ার হোসেনের একটি গোডাউন ভাড়া নিয়ে পাট এবং আমাকে ব্যবসা করছিলেন হিন্দগ্রামের খোকন। ওই গোডাউনে ৬ হাজার কেজি তামাক ও ৯শ মন পাট মজুদ করা ছিল। সেখানো প্রতিদিনের ন্যায় কাজ করে শনিবার দিনগত মধ্যরাতে গোডাউন থেকে বের হয়ে আসি। কোন একসময় গোডাউনের মধ্যে আগুন লেগে যায়। পরে স্থানীয়রা টের পেয়ে বামুন্দি ফায়ার সার্ভিসকে খবর দিলে ফায়ার সার্ভিসের একটি টীম ঘটনাস্থলে এসে আগুন অনেক চেস্টার পর আগুন নিয়ন্ত্রনে আনে। তার আগেই গোডাউনের মধ্যেকার পাট ও তামাক পুড়ে যায়। এতে প্রায় ত্রিশ লক্ষাধিক টাকার মালামাল পুড়েছে বলে জানান ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী খোকন।
বামুন্দি ফায়ার সার্ভিসের টীম লিডার স্টেশন অফিসার মো. ইছাহাক আলী বিশ্বাস জানান,অগ্নিকান্ডের বিষয়টি জানতে পাওয়ার সাথে সাথে আমরা ঘটনাস্থলে আগুন নিয়ন্ত্রণে কাজ করছি একটি টিম। এটা গোডাউনে রাখা তামাক ও পার্ট পুড়ে গেছে। ওই রাত থেকে দুপুর অব্দি পর্যন্ত আমরা সেখানেই রয়েছি। তবে গোডাউনের মধ্যে রাখা তামাক ও পাট পুড়ে গেছে। অবশিষ্ট কিছু তামাক ও পাট উদ্ধার করা হয়েছে।

গাংনীতে সাপের কামড়ে ব্যবসায়ীর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে সাপের কামড়ে ইয়ারুল ইসলাম (৫২) নামের এক ব্যাক্তির মৃত্যু হয়েছে। শুক্রবার (২৮ এপ্রিল) বিকেল সাড়ে ৫ টার দিকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার পথে তার মৃত্যু হয়।

ইয়ারুল ইসলাম গাংনী বাজারের একজন বড়া ব্যবসায়ী ও গাংনী পৌর এলাকার ৭ নম্বর ওয়ার্ড ভিটাপাড়ার মৃত জান আলীর ছেলে।

গাংনী পৌরসভার ৭নং ওয়ার্ড কাউন্সিলর মোতালেব হোসেন জানান, শুক্রবার (২৮ এপ্রিল) দুপুরে পূর্ব মালসাদহ গ্রামের মাঠে ধান ক্ষেতে কাজ শেষে বাড়ি ফেরার পথে বিষধর সাপে ইয়ারুল ইসলামকে কামড় দেয়। পরে তাকে পার্শ্ববর্তী এক নম্বর পৌর এলাকার বাঁশবাড়িয়া গ্রামের জনৈক ওঝার কাছে নেয়া হলে তার অবস্থার কিছুটা উন্নতি হয়। পরে বাড়িতে আসার পর বিষধর সাপটিকে খুঁজে বের করে পিটিয়ে হত্যার পর আগুন দিয়ে পোড়ানো হয়।

এ ঘটনার কিছু সময় পর ইয়ারুল ইসলামের অবস্থার অবনতি দেখা দেয়। ফলে তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে মুমূর্ষ অবস্থায় মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

গাংনীতে জমি সংক্রান্ত বিরোধে চাচাতো ভাইয়ের হাতে ভ্যানচালক খুন

মেহেরপুরের গাংনীতে জমিজমা সংক্রান্ত বিরোধের জেরে আব্দুল আলীম
(৫০) নামের এক ভ্যান চালককে উপর্যপুরি কুপিয়ে হত্যা করেছে প্রতিপক্ষের লোকজন।

শুক্রবার (২৮এপ্রিল) বেলা সাড়ে ১১ টার দিকে মোহম্মদপুর গ্রামের পূর্বপাড়া মাঠে এ ঘটনা ঘটে। নিহত আব্দুল আলীম ঐ গ্রামের পশ্চিম পাড়ার আব্দুল গণির ছেলে। নিহতের চাচাকে হামলা কারিদের হাত থেকে বাঁচাতে আব্দুল আলীম খুন হয়েছে বলে দাবী পরিবারের।

নিহতের পরিবার ও পুলিশ সূত্রে জানা গেছে, শরিকানা জমি ভাগাভাগি নিয়ে কথা কাটাকাটির এক পর্যায়ে সংঘর্ষের সৃষ্টি হয়। নিহতের অংশ বিক্রি হয়ে গেলেও গতকাল বৃহষ্পতিবার শরিকদের মধ্যে জমি ভাগ হয়। আজ সকালে জমিতে গেলে আগে থেকে প্রস্তুত প্রতিপক্ষ জমির বর্তমান মালিক ও নিহতের চাচা একই এলাকার আবুল হোসেনের ছেলে খলিলুর রহমানের ওপর হামলা করলে, নিহত আব্দুল আলিম বাঁধা দিলে তাকে দেশিয় অস্ত্র (ফলা, হাতুড়ি, লোহার রড ও হাসুয়া) দিয়ে উপর্যপুরি কুপিয়ে ঘটনা স্থলেই মৃত্যু নিশ্চিত করে পালিয়ে যায়। এসময় আশপাশের মাঠের লোকজন ছুটে এসে আহত খলিলুর রহমানকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়।

নিহত আব্দুল আলীমের স্ত্রী মানিয়ারা জানান, আমাদের জমির অংশ অনেক আগেই বিক্রি করে দিয়েছি। আমার স্বামীর সাথে কারও বিরোধ নেই। আমার চাচা শশুর খলিলুর রহমান আজ আবার নতুন করে জমি ভাগাভাগি করছিল। এসময় আমার আর এক চাচা শশুর আব্দুল কাদেরের ছেলে আব্দুর হান্নান, সাহাদত ও বান্টু ও তার ছেলেরা খলিলুর রহমানের ওপর হামলা করে। এসময় তাকে বাঁচাতে গেলে রাগান্বিত হয়ে হামলাকারিরা আমার স্বামীকেই খুন করে পালিয়ে যায়।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, জমিজমা সংক্রান্ত বিরোধের জের ধরে একটি হত্যার ঘটনা ঘটেছে সংবাদ পেয়ে সাথে সাথে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়। এবং ঘটনাস্থল পরিদর্শন করে স্থানীয় লোকজনের সাথে বিস্তারিত জেনেছি। মরদেহ ময়না তদন্তের জন্য মেহেরপুর জেনারেল হাসাপাতালে প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে হত্যাকারীদের গ্রেফতার করতে পুলিশ কাজ করছে।